ভোরের কাগজ

30

তারিখ AUG 8 1999
পৃষ্ঠা 2 কলাম 4

# জা.বি'র ঘটনায় জড়িতরা অন্য সংগঠন থেকে ছাত্রলীগে এসেছিল

## সংবাদ সম্মেলনে বাহাদুর বেপারী

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ছাত্রলীগ সভাপতি বাহাদুর বেপারী সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে বলেছেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ছাত্রলীগের সভাপতি নয়। সুতরাং তিনি বললেই সন্ত্রাসীরা ছাত্রলীগ কর্মী হয়ে যাবে না।

জাতীয় প্রেসক্লাবে গতকাল শনিবার বিকালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ধর্ষণকারী ও সন্ত্রাসী সম্পর্কে ছাত্রলীগের বক্তব্য তুলে ধরতে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। লিখিত বক্তব্য পাঠ শেষে বাহাদুর বেপারী সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। লিখিত বক্তব্যে তিনি বলেন, জাহাঙ্গীরনগরের ঘটনায় (ছাত্রী ধর্ষণ ও ছাত্রলীগ কর্মী আনন্দ হত্যা, হল দখল) জড়িতরা অন্য সংগঠন থেকে ছাত্রলীগে যোগ দিয়েছিল। সংগঠনের ক্ষতি করার ইচ্ছেই তাদের ছিল। জানামাত্র তাদের বহিষ্কার করে সাংগঠনিক কার্যক্রম স্থগিত করা হয়েছে। এমতাবস্থায় জাহাঙ্গীরনগরের কোনো অপকর্মের দায় ছাত্রলীগ নিতে পারে না। বহিষ্কৃত কেউ সংগঠনের নাম ব্যবহার করার অধিকার রাখে না।

সংগঠনের কোনো কর্মী অপকর্ম করলে সে অপকর্মের দায় কে নেবে এ প্রশ্ন করলে বাহাদুর বেপারী কোনো সদুত্তর না দিয়ে এড়িয়ে যান। তবে তিনি বলেন, অন্য সংগঠন থেকে এবার ছাত্রলীগে কেউ আসতে চাইলে পরীক্ষা করে নেওয়া হবে।

সংবাদ সম্মেলনে সুজিত রায় নন্দী, মেসবাউল হোসেন [illegible], আনিসুর আশরাফুল আজিম রুবন, সাইফুদ্দিন নাসির, প্রশান্ত বড়ুয়া, সাজ্জাদ হোসেন, এ কে এম আজিম প্রমুখ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।